Registered No. DA-1.

# The Bangladesh Gazette

**Extraordinary**
Published by Authority

**MONDAY, FEBRUARY 23, 1981**

## GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

## MINISTRY OF LABOUR AND INDUSTRIAL WELFARE

**Section XI**

### NOTIFICATION

**Dacca, the 23rd February 1981**

**No. S.R.O. 67-L/81/S-XI/MWB-14/81.**—In exercise of the powers conferred by clause (*a*) of sub-section (*1*) of section 6 of the Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961), the Government is pleased to declare that the rates of wages recommended by the Minimum Wages Board, Dacca, for various workers specified in the said Schedule, shall be the minimum rates of wages for such workers with effect from the 1st day of February, 1981.

### THE SCHEDULE

"ক" বিভাগ

বিড়ি তৈয়ারী বিভাগ

চট্টগ্রাম বিভাগের জন্য

| শ্রমিক পদবী। | নিম্নতম মজুরী। |
|---|---|
| (১) বিড়ি তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১ হাজার তৈয়ারীর জন্য ৪·৫০ টাকা |
| (২) লেবেল প্যাকিং শ্রমিক .. | প্রতি ১ হাজার লেবেল প্যাকিং এর জন্য ০·৭৫ টাকা |
| (৩) বিড়ি তৈয়ারী ও লেবেল প্যাকিংসহ শ্রমিক। .. | প্রতি ১ হাজারের জন্য ৫·২৫ টাকা |
| (৪) সুতাধারা বিড়ি তৈয়ারীর জন্য | প্রতি ১ হাজার বিড়ির বর্তমান প্রাপ্ত মজুরী হইতে ০·৫০ টাকা হারে বেশী পাইবে। |



*Price : 50 Paisa.*

| শ্রমিক পদবী। | নিম্নতম মজুরী। |
|---|---|
| **চট্টগ্রাম বিভাগ ছাড়া বাংলাদেশের অন্যান্য বিভাগের জন্য** | |
| (১) বিড়ি তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১ হাজার বিড়ি তৈয়ারীর জন্য ৮·২৫ টাকা |
| (২) লেবেল প্যাকিং শ্রমিক .. | প্রতি ১ হাজার লেবেল প্যাকিং এর জন্য ০·৭৫ টাকা |
| (৩) বিড়ি তৈয়ারী ও লেবেল প্যাকিংসহ শ্রমিক। | প্রতি ১ হাজারের জন্য ৯·০০ টাকা |
| (৪) সুতাঘারা বিড়ি তৈয়ারীর জন্য | প্রতি ১ হাজার বিড়ির বর্তমান প্রাপ্ত মজুরী হইতে ০·৫০ টাকা হারে বেশী পাইবে। |

### "খ" বিভাগ

### তামাক তৈয়ারী বিভাগ

| | |
|---|---|
| (১) তামাক ভাংগাই (হাতে) | ১ মণ ১০ সেরের জন্য ১০·০০ টাকা |
| (২) তামাক চিরাই (হাতে) .. | ১ মণ ১০ সেরের জন্য ৬·০০ টাকা |
| (৩) ডাটা চালানী (হাতে) .. | ১ মণ ১০ সেরের জন্য ২·৫০ টাকা |
| (৪) চালানী প্যাকিং (হাতে) | প্রতি ১ বস্তার জন্য ৪·৫০ টাকা |
| (৫) মিকচার (বিড়ির জন্য) (হাতে) | প্রতি ১ মণের জন্য ৪·০০ টাকা |
| (৬) তামাক ভাংগাই (মেশিনে) | প্রতি ১ মণ ১০ সেরের জন্য ৪·০০ টাকা |

### "গ" বিভাগ

| | |
|---|---|
| গ্রেড—১: ক্যাশিয়ার, একাউন্ট্যান্ট, ষ্টোরকিপার, টাইপিষ্ট .. | ৩০০·০০ টাকা মাসিক |
| গ্রেড—২: টেলিফোন অপারেটর, ড্রাইভার, ষ্টোর এ্যাসিষ্টেন্ট .. | ২৭৫·০০ টাকা মাসিক |
| গ্রেড—৩: পিয়ন, দারোয়ান, ষ্টোর এটেনডেন্ট, নাইট গার্ড, মালি ও সুইপার। .. | ২৫০·০০ টাকা মাসিক |

By order of the President

A. H. M. NOORUDDIN

*Deputy Secretary.*

---

বিশেষ দ্রষ্টব্য:—এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের এতদসংক্রান্ত সুপারিশ, ১৯৮১-এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

এ, এইচ, এম, নূরুদ্দীন

উপ-সচিব।

## "বিড়ি" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮১

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের (অধ্যাদেশ নং ৩৯) বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৮০ সনের ১৯শে জুন "বিড়ি" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যক্রমে সরকারী বিজ্ঞপ্তি নং এস, আর, ও/১৯৪-এল/৮০/এস,চার/এ-৪/৮০/১৪৫ মোতাবেক বোর্ড গঠন করেন এবং এস-চার/এ-৪/৮০/১৩৩, তারিখ ২রা জুন ১৯৮০ মোতাবেক প্রয়োজনীয় তদন্তক্রমে উক্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী ধার্যের সুপারিশ করিবার জন্য বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দান করেন।

বোর্ড ছোট-বড় বেশ কিছু সংখ্যক "বিড়ি" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনক্রমে বিভিন্ন শ্রেণীর কর্মচারী ও শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি অর্থনৈতিক অবস্থা, জীবিকা নির্বাহের ব্যয়সমেত আরো কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে বোর্ড শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকদের সাথে কয়েকটি বৈঠকে মিলিত হইয়া বিড়ি শিল্প প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা পর্যালোচনা করেন এবং তদন্ত কার্য্য সম্পন্ন করিয়া শ্রমিকদের ক, খ ও গ এই তিন বিভাগে বিভক্ত করেন। বোর্ড ইহাও লক্ষ্য করেন যে যেহেতু চট্টগ্রাম বিভাগের অন্তর্গত বিড়ি শিল্প প্রতিষ্ঠানগুলিতে বিড়ি উৎপাদন পদ্ধতি এবং প্রণালী বাংলাদেশের অন্যান্য অঞ্চলে অবস্থিত বিড়ি উৎপাদন প্রক্রিয়া এবং পদ্ধতি হইতে ভিন্ন প্রকারের এবং বিড়ির আকৃতি (Size) ও বেশ ছোট এবং বাজার দর ও তুলনা-মূলকভাবে কম এবং এই অঞ্চলের একজন শ্রমিক বর্তমানে প্রচলিত পদ্ধতিতে বিড়ি উৎপাদন করিয়া বাংলাদেশের অন্যান্য অঞ্চলের শ্রমিক হইতে দৈনিক অধিক এবং কয়েক গুণ বেশী বিড়ি উৎপাদন করিয়া বেশী মজুরী পাইতেও সক্ষম। বোর্ড এই সমুদয় বাস্তব তথ্যাদিও গুরুত্বসহকারে বিবেচনা করেন এবং বিস্তারিত আলোচনা ও সদস্যবৃন্দের সহিত বিশদভাবে মতামত বিনিময়ের পর এবং শিল্প শ্রমিক ও মালিক এবং সর্বশ্রেণীর স্বার্থেই সর্বসম্মতিক্রমে আঞ্চলিকভিত্তিক বিড়ি মজুরী নির্ধারণের জন্য সিদ্ধান্ত নেন এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন:

(১) বাংলাদেশে অবস্থিত সকল প্রকার "বিড়ি" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মচারী/শ্রমিকদের আনামত পদ বা কাজসমূহকে তাহাদের কাজের প্রকৃতি, প্রশিক্ষণের তারতম্য, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা, যোগ্যতা, শারীরিক মেহনত ও কাজের ঝুঁকি, ইত্যাদি বিবেচনাক্রমে বিভিন্ন শ্রেণীতে এবং আঞ্চলিক ভিত্তিতে গ্রেডভুক্ত করা হউক যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে।

(২) এখন হইতে "বিড়ি" শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে উল্লিখিত কর্মচারী/শ্রমিকদের পদবিন্যাস অনুযায়ী যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লিখিত না হয় তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদের স্থান নির্ধারণকরতঃ এতদসংগে গ্রথিত নিম্নতম মজুরীর সাথে সামঞ্জস্য রাখিয়া মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে জানাইবেন।

(৪) যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক কন্ট্রাক্টরের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা মোতাবেক শ্রমিক বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টরও মালিকের ন্যায় উল্লিখিত ৩ নং সুপারিশ মোতাবেক কার্য করিবেন।

(৫) শিল্প প্রতিষ্ঠানের মালিক তাহাদের বিভিন্ন পদে নিয়োজিত শ্রমিকদের (যাহাদের "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে) "ক" পরিচ্ছেদে নির্দ্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম দিতে পারিবেন না।

(৬) নির্ধারিত নিম্নতম মজুরী যাহা "ক" পরিচ্ছেদে বলা হইয়াছে তাহা সর্বোচ্চ মজুরী হিসাবে গণ্য হইবে না এবং বর্তমানে নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী দেওয়া হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। অবশ্য নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথভাবে অধিকতর যোগ্যতাসম্পন্ন শ্রমিককে কোন বিশেষ এলাকার জীবনযাত্রার মান, ব্যয়, ঝুঁকি বা অপর কোন কারণে উচ্চ হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৭) অন্যান্য সুযোগ-সুবিধা ইত্যাদি যাহা বিড়ি শিল্প শ্রমিকগণ বর্তমানে ভোগ করিয়া আসিতেছেন তাহা অবশ্যই প্রচলিত থাকিবে। তবে কিরূপে ধার্য হইবে তাহা মালিক ও শ্রমিক প্রতিনিধিরা আলাপ-আলোচনার মাধ্যমে নির্ধারণ করিয়া লইবেন।

(৮) প্রদত্ত নিম্নতম মজুরী ১লা ফেব্রুয়ারী, ১৯৮১ সাল হইতে কার্যকরী হইবে।

আবদুর রাজ্জাক
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

ডঃ তাহেরুল ইসলাম
নির্দলীয় সদস্য।

গোলাম মর্তুজা
মালিক পক্ষের সদস্য।

মোঃ ইব্রাহীম মিয়া
মালীক পক্ষের সদস্য।

নজরুল ইসলাম খান
শ্রমিক পক্ষের সদস্য।

সৈয়দ বদরুদ্দোজা নাজানদ
শ্রমিক পক্ষের সদস্য।

"ক" পরিচ্ছেদ

"ক" বিভাগ

বিড়ি তৈয়ারী বিভাগ

| শ্রমিক পদবী। | নিম্নতম মজুরী। |
|---|---|
| (ক) চট্টগ্রাম বিভাগের জন্য। | |
| (১) বিড়ি তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১ হাজার বিড়ি তৈয়ারীর জন্য ৪ʼ৫০ টাকা। |
| (২) লেবেল প্যাকিং শ্রমিক .. | প্রতি ১ হাজার লেবেল প্যাকিং এর জন্য ০ʼ৭৫ টাকা। |
| (৩) বিড়ি তৈয়ারী ও লেবেল প্যাকিং সহ-শ্রমিক। | প্রতি ১ হাজারের জন্য ৫ʼ২৫। |
| (৪) সুতা দ্বারা বিড়ি তৈয়ারীর জন্য | প্রতি ১ হাজার বিড়ির বর্তমান প্রাপ্ত মজুরী হইতে ০ʼ৫০ টাকা হারে বৃদ্ধি করিতে হইবে। |
| (খ) চট্টগ্রাম বিভাগ ছাড়া বাংলাদেশের অন্যান্য বিভাগের জন্য। | |
| (১) বিড়ি তৈয়ারী শ্রমিক .. | প্রতি ১ হাজার বিড়ি তৈয়ারীর জন্য ৮ʼ২৫ টাকা। |
| (২) লেবেল প্যাকিং শ্রমিক .. | প্রতি ১ হাজার লেবেল প্যাকিং-এর জন্য ০ʼ৭৫ টাকা |
| (৩) বিড়ি তৈয়ারী ও লেবেল প্যাকিং সহ-শ্রমিক। | প্রতি ১ হাজারের জন্য ৯ʼ০০ টাকা। |
| (৪) সুতা দ্বারা বিড়ি তৈয়ারীর জন্য | প্রতি ১ হাজার বিড়ির বর্তমান প্রাপ্ত মজুরী হইতে ০ʼ৫০ টাকা বৃদ্ধি করিতে হইবে। |

"খ" বিভাগ

তামাক তৈয়ারী বিভাগ

| শ্রমিক পদবী। | কাজের পরিমাণ। | নিম্নতম মজুরী। |
|---|---|---|
| (১) তামাক ভাংগাই (হাতে) | ১ মণ ১০ সের | ১০ʼ০০ টাকা। |
| (২) তামাক চিরাই (হাতে) | ১ মণ ১০ সের | ৬ʼ০০ টাকা। |
| (৩) ডাটা চালানী (হাতে) | ১ মণ ১০ সের | ২ʼ৫০ টাকা। |
| (৪) চালানী প্যাকিং (হাতে) | প্রতি ১ বস্তা | ৪ʼ৫০ টাকা। |
| (৫) মিকচার (বিড়ির জন্য) (হাতে) | ১ মণ | ৪ʼ০০ টাকা। |
| (৬) তামাক ভাংগাই (মেশিনে) | ১ মণ ১০ সের | ৪ʼ০০ টাকা। |

"গ" বিভাগ

স্টাফ পদবী ও শ্রেণী বিভাগ

| পদবী। | নিম্নতম মজুরী। |
|---|---|
| গ্রেড-১: ক্যাসিয়ার, একাউনটেন্ট, ষ্টোর কিপার, টাইপিষ্ট | ৩০০·০০ টাকা মাসিক। |
| গ্রেড-২: টেলিফোন অপারেটর, ড্রাইভার, ষ্টোর এ্যাসিষ্টেন্ট | ২৭৫·০০ টাকা মাসিক। |
| গ্রেড-৩: পিয়ন, দারোয়ান, ষ্টোর এটেনডেন্ট, নাইট গার্ড, মালি ও সুইপার। | ২৫০·০০ টাকা মাসিক। |

(ফ্যাক্টরী আইনানুসারে কর্মরত ২৬ দিনে মাস এবং ৮ ঘন্টায় দিন হিসাবে গণ্য করিতে হইবে)।

আ, রাজ্জাক
৩১-১-১৯৮১
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

---

মহকুমা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ

ফরম ণ

[৪২ নিয়ম দ্রষ্টব্য]

মেম্বার পদে নির্বাচিত প্রার্থীগণের তালিকা

জিলা—ময়মনসিংহ, মহকুমা—কিশোরগঞ্জ, থানা—ভৈরব।

| ইউনিয়নের নাম। | যে ওয়ার্ড হইতে নির্বাচিত সেই ওয়ার্ডের নাম ও নম্বর (মেম্বারের ক্ষেত্রে প্রযোজ্য)। | নির্বাচিত প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা (মনোনয়নপত্রে যেরূপ আছে)। | যে পদে নির্বাচিত হইয়াছেন। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| শিমুলকান্দি | ১ নং ওয়ার্ড | মোমতাজ উদ্দিন, পিতা আমান উদ্দিন, সাং শিমুলকান্দি। | মেম্বার। | |

স্থান—কিশোরগঞ্জ,
তারিখ—১০-২-১৯৮১।

মোঃ শাহাবুদ্দিন খান
রিটার্নিং অফিসার
ও
মহকুমা নির্বাচন অফিসার-২।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| জিলা—ময়মনসিংহ, মহকুমা—কিশোরগঞ্জ, থানা—বাজিতপুর। | | | | |
| মাইজচর | ১ নং ওয়ার্ড | আঃ জলিল,<br>পিতা আদু মিয়া,<br>সাং পারকচুয়া। | মেম্বার। | |

স্থান—কিশোরগঞ্জ,
তারিখ—১০-২-১৯৮১।

মোঃ শাহাবুদ্দিন খান
রিটার্নিং অফিসার
ও
মহকুমা নির্বাচন অফিসার-২।

---

মহকুমা প্রশাসকের কার্যালয়, সদর (দক্ষিণ), কুমিল্লা

ফরম ণ

[৪২ নিয়ম দ্রষ্টব্য]

মেম্বার পদে নির্বাচিত প্রার্থীর তালিকা

জিলা—কুমিল্লা, মহকুমা—সদর (দক্ষিণ), থানা—কোতয়ালী।

| ইউনিয়নের নাম। | যে ওয়ার্ড হইতে নির্বাচিত সেই ওয়ার্ডের নাম ও নম্বর (মেম্বরের ক্ষেত্রে প্রযোজ্য)। | নির্বাচিত প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা (মনোনয়ন-পত্রে যেরূপ আছে)। | যে পদে নির্বাচিত হইয়াছেন। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ নং গলিয়ারা | ১ নং ওয়ার্ড | জনাব মোসলেম মিয়া,<br>পিতা মৃত বশরত আলী,<br>সাং কমলতলী। | মেম্বার। | |

স্থান—কুমিল্লা,
তারিখ—৯-২-১৯৮১।

মোঃ আবদুল হাই
রিটার্নিং অফিসার
এবং
মহকুমা নির্বাচন অফিসার-২।

Printed by the Officer-in-charge, Bangladesh Government Press, Dacca.
Published by the Assistant Controller-in-charge, Bangladesh Forms & Publications Office, Dacca.